

## মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেশী প্লাজা (৭ম তলা)  
বড় মগবাজার, রমনা ঢাকা-১২১৭।


বিষয়: মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির ২০২২-২৩ অর্থবছরের 'সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ ও বাস্তবায়ন কমিটির' সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ)/২৩ প্রতিবেদন।

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির ২০২২-২৩ অর্থবছরের 'সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ ও বাস্তবায়ন কমিটির' সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ)/২৩ গত ৭ মার্চ ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। এ ক্ষেত্রে বিগত সভার কমিটি কর্তৃক যে সকল সিদ্ধান্ত গৃহীত হয় তার বাস্তবায়ন অগ্রগতি নিম্নে তুলে ধরা হলো:

কার্যক্রম/আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
[১.১] সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন	[১.১.২] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটির সভা প্রতি তিন মাসে আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়।	প্রতি তিন মাস অন্তর সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করা এবং সভা আয়োজন চলমান থাকবে।	শতভাগ
[১.২] সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ	[১.২.১] ওয়েবসাইটে প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়।	লক্ষ্যমাত্রা অনুসারে সেবা প্রদান প্রতিশ্রুতির ২য় ত্রৈমাসিকের হালনাগাদ তালিকা ৩০ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে ওয়েবসাইটে আপলোড করতে হবে।	শতভাগ
[২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন	[২.১.১] সভায় অবহিত করা হয় যে, ২০২২-২০২৩ অর্থবছরে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ৪টি প্রশিক্ষণ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে।	লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ সম্পন্ন হওয়ায় কমিটি সন্তোষ প্রকাশ করে।	শতভাগ
[২.২] সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন	[২.২.১] স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়।	চলতি মাসের মধ্যে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে একটি অবহিতকরণ সভা আয়োজন করতে হবে।	শতভাগ
[২.৩] সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি হালনাগাদকরণ	[২.৩] সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি হালনাগাদকরণের বিষয়ে আলোচনা করা হয়।	সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়	শতভাগ

২। উল্লেখ্য, ২০২১-২০২২ অর্থবছর হতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর সাথে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা সংযুক্ত করা হয়েছে। অর্থাৎ সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন এর উপর বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তির অর্জন অনেকাংশে নির্ভরশীল। এক্ষেত্রে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর সকল সূচক অর্জন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অধিকতর তৎপর হতে হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি করা হয়।

  
 (মোঃ নূরে আলম মেহেদী)  
 পরিচালক  
 ও  
 সভাপতি  
 সিটিজেনস্ চার্টার কমিটি